# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org

Email- chuadangapourasava@lgd.gov.bd

**পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ১৯তম সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা।
স্থান : পৌরসভা মিলনায়তন
তারিখ : ২২-০৪-২০২৬ খ্রি:
সময় : সকাল : ১১.০০ ঘটিকা
সম্মানিত সদস্যদের উপস্থিতির ও স্বাক্ষর- মাসিক সভার হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত।

| ক্রমিক নং | সভায় উপস্থিত সদস্য গণের নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | জনাব ডা ঃ হাদি জিয়াউদ্দিন আহাম্মেদ, সিভিল সার্জন, চুয়াডাঙ্গা। | উপস্থিতির স্বাক্ষর হাজিরা রেজিষ্টার খাতায় সংরক্ষিত |
| ০২ | জনাব মো ঃ মাসুদুর রহমান সরকার, উপপরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |
| ০৩ | জনাব মো ঃ শাহিনুর ইসলাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা। | |
| ০৪ | জনাব মো ঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |
| ০৫ | জনাব মোছা ঃ জেসমিন আরা খাতুন, জেলা শিক্ষা অফিসার (ভার), চুয়াডাঙ্গা। | |
| ০৬ | জনাব অহীন্দ্র কুমার মন্ডল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা। | |
| ০৭ | জনাব মো ঃ তাজুল ইসলাম, উপপরিচালক(অতিরিক্ত দায়িত্ব), মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, আমাদের মাঝে একজন নতুন সদস্য এসেছে তিনি হলেন গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব মো ঃ শাহিনুর ইসলাম। তাকে আমরা স্বাগত জানাচ্ছি এবং নবাগত নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা-কে পৌরসভার প্রকৌশল শাখার কর্মকান্ডে সার্বিক সহায়তা করার আহব্বান জানান। সদ্য যোগদানকৃত নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা সভায় উপস্থিত সকলের সাথে পরিচিত হন এবং কুশলাদি বিনিময় করেন। অতপর পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-** সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রিফাত আরা বিগত ইং ৩১-০৩-২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:-** ট্রেড লাইসেন্স আদায় নিয়ে আলোচনাকালে সভায় উপস্থিত লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশ বলেন লাইসেন্স এর কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে তবে পবিত্র রমজান ও ঈদের ছুটির কারণে আদায় কম হয়েছে। মার্চ/২০২৬ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ৪৭ টি এবং আয় হয়েছে ১,২২,৯৪৯/-টাকা। এছাড়াও ট্রেড লাইসেন্স বকেয়া তালিকা প্রস্তুত পূর্বক ওয়ার্ড পর্যায়ে কার্যক্রম চলমান রাখা আছে। বকেয়া আদায়ের বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপস্থিত জনাব অহীন্দ্র কুমার মন্ডল, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা জনাতে চান যে, তালিকার বাইরে প্রতিমাসে নতুন করে কোন ট্রেড-লাইসেন্স হয় কি না বা এর কোন তালিকা আছে কি না। জবাবে লাইসেন্স পরিদর্শক জানান তালিকার বাইরে নতুন লাইসেন্সের পরিমান খুবই কম। আর তালিকা এই মুহুর্তে কাছে নাই। আগামী মাসিক সভাতে উপস্থাপন করা হবে। পৌর প্রশাসক মহোদয় বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ের পাশাপাশি হাল ট্রেড লাইসেন্স আদায়ের আরো তৎপর হওয়ার জন্য নির্দেশনা দেন। | (১) বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ে আরো সচেষ্ট হওয়াসহ অভিযান অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) প্রতি মাসে নতুন লাইসেন্সের তালিকা সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) বকেয়া লাইসেন্সের তালিকা সভায় উপস্থাপন পূর্বক বকেয়া আদায়ের লক্ষে গৃহীত পদক্ষেপসমূহ সম্পর্কে সভাকে অবগত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:-** (ক) সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান জানান RUTDP প্রকল্পের কাজ ইতোমধ্যে ১৮% সম্পন্ন হয়েছে এবং কাজের মান সন্তোষজনক। প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করা হয়। কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ দেয়ার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। | (ক) প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করাসহ কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে দ্রুত কাজ করার তাগিদ দেয়ার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (খ) পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান মার্চ ২০২৬ মাসে নক্সা অনুমোদন করা হয়েছে ১৯টি আবেদন জমা পড়েছে। মার্চ'২০২৬ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ১,১৮,৭৫০/-টাকা।<br>পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন মার্চ ২০২৬ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ১২টি এবং আয় হয়েছে ৩৬,০০০/-টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক বলেন সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, পৌর কর্তৃপক্ষের অনুমোদন বা প্ল্যান বহির্ভূত ভাবে অনেক স্থাপনা এবং ভবন নির্মিত হচ্ছে যা আইনত দন্ডনীয় অপরাধ। এছাড়াও এ ধরণের কাজের ফলে জনভোগান্তি তৈরী হচ্ছে এবং অনেক অভিযোগ কার্যালয়ে দাখিল হচ্ছে। পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন স্থাপনা বা ভবন নির্মাণের পূর্বেই অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা স্থাপনা নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।<br>**(গ) বিদ্যুৎ শাখা:** সভায় উপস্থিত সড়কবাতি পরিদর্শক জনাব মোঃ আনিছুর রহমান বলেন মার্চ/২০২৬ মাসে পৌরসভার ০৯টি ওয়ার্ডে সর্বমোট ২২১ ওয়াট এলইডি বাল্ব স্থাপন করা হয়েছে। চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে স্থাপিত ৯৫% সড়কবাতি সচল আছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পোলের সড়কবাতি গুলি সচল রাখার জন্য সড়কবাতি পরিদর্শককে নির্দেশনা দেন। | (খ) পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন স্থাপনা বা ভবন নির্মাণের পূর্বে অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা স্থাপনা নির্মাণ করা হচ্ছে কিনা তা যাচাইয়ের জন্য নক্সাকার/সার্ভেয়ারকে নির্দেশনা প্রদান করা হয়।<br>(গ) পোলের সেড পাওয়া মাত্রই লাইট স্থাপন করা হবে। সড়কবাতি গুলি সচল থাকায় পৌরসভার বিদ্যুৎ শাখাকে থন্যবাদ জানানো হয়। | প্রকৌশল বিভাগ |
| ০৪ | **<u>পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:-</u>**<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার, মার্চ, ২৬ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মো ঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, মার্চ/২৬ মাসে পানি শাখার গত মাসের জের ১৮,৫৫,৮৯২/- টাকা এবং চলতি আয় ২২,৭৪,০৬৭/-টাকা। সর্বমোট আয় হয়েছে ৪১,২৯,৯৫৯/- টাকা ও চলতি মাসে ব্যয় হয়েছে ২৬,৫৩,৫০৯/-টাকা উদ্বৃত্ত জের ১৪,৭৬,৪৮৬/- টাকা এবং রাজস্ব খাতের গত মাসের জের ১,৯৭,৬২,৭৯০/-টাকা এবং চলতি মাসের আয় ৬১,৩৮,৫৫৭/-টাকা, সর্বমোট আয় ২,৫৯,০১,৩৪৭/-টাকা ও চলতি মাসে রাজস্ব খাতের মোট ব্যয় ৬১,৯৯,৩৮৩/-টাকা উদ্বৃত্ত জের ১,৯৭,০১,৯৬৪/-টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | <u>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার চলতি অর্থ বছরের পৌরকরের দাবী ও আদায়ের বিষয়ে জানতে চাইলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান যে, মোট দাবী ৮,৪৭,২৯,৫১৮/-টাকা এবং মার্চ/২৬ মাসে বকেয়া আদায় ১,২০,৭৮৫/- টাকা এবং হাল আদায় হয়েছে ১৩,২৪,৫১১/- টাকা সর্বমোট আদায় হয়েছে ১৪,৪৫,৩৯৬/-টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পৌরকর আদায়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা দেন। | বকেয়া পৌরকর আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ায় সিদ্ধান্ত গৃহীত হয় | এসেসর/কর শাখা |
| ০৬ | <u>হাট-বাজার সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ</u><br>পৌরসভা নিয়ন্ত্রণাধীন হাট-বাজার নিয়ে আলোচনাকালে অত্র পৌরসভার সার্ভেয়ার জনাব মো ঃ আবুল হোসেন জানান যে, বিগত মাসিক সভাতে পৌরসভার হাট-বাজার মামলা সংক্রান্ত তথ্য উপস্থাপনের নির্দেশনা দেওয়া হয়। তিনি জানান বড় বাজার সংক্রান্ত ০৩ টি মামলা ও সাহিত্য পরিষদ নিয়ে ০১ মামলা এবং রাস্তা সংক্রান্ত ০৩ টি মামলা চলমান আছে। তিনি আরো বলেন বড়বাজার নিয়ে কিছু মামলা দাখিল করা প্রয়োজন কারন পৌরসভা নিয়ন্ত্রণাধীন বড়বাজারের জমিতে কিছু কিছু দাগ পাবলিকের নামে রেকর্ড হয়ে আছে। মামলা সংক্রান্ত জটিলতা থাকায় উন্নয়নমূলক কাজ করা যাচ্ছে না বা নতুন ভাবে দোকানঘর নির্মাণ করা সম্ভব হচ্ছে না। তিনি মামলার রেকর্ড পত্র তোলা ও মামলা পরিচালনা করার জন্য অর্থের প্রয়োজন মর্মে সভাকে জানান। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপস্থিত প্রশাসক মহোদয় জানান পৌরসভা রাজস্ব তহবিল ব্যাবহার নির্দেশিকা,২০২৫ এর ৫.২.১৫ মোতাবেক পৌরসভার স্বার্থ সংশ্লিষ্ট মামলা পরিচালনার ব্যয় পৌরসভার রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করা যাবে। প্রশাসক মহোদয় বড়বাজারে নিজস্ব সম্পত্তিতে কতগুলো দোকান আছে তাহা আগামী সভাতে উপস্থাপন করার জন্য | (১) মামলা পরিচালনার ব্যয় পৌরসভা রাজস্ব তহবিল ব্যাবহার নির্দেশিকা,২০২৫ এর ৫.২.১৫ মোতাবেক পৌরসভার রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) মামলা পরিচালনা করার ক্ষেত্রে সকল প্রকার রেকর্ড-পত্র তোলার জন্য সার্ভেয়ার মো ঃ আবুল হাশেমকে নির্দেশনা প্রদান করা হয়।<br>(৩) বড়বাজারে নিজস্ব সম্পত্তিতে কতগুলো দোকান আছে তা আগামী সভাতে উপস্থাপন করার জন্য সার্ভেয়ার | সার্ভেয়ার/সেনেটারী ইন্সপেক্টর |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | সার্ভেয়ার ও সেনেটারী ইন্সপেক্টর-কে নির্দেশনা প্রদান করেন। | ও সেনেটারী ইন্সপেক্টর-কে নির্দেশনা প্রদান করা হয়। | |
| ০৭ | <u>স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত জনাব ডাঃ হাদি জিয়াউদ্দিন আহাম্মেদ, সিভিল সার্জন, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান সভায় জানান মার্চ,২৬ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ১৪৫ টি তন্মধ্যে পুরুষ ৭৯ জন ও নারী ৬৬ জন এবং এক বছরের নীচে ৪৩টি। ৪৫ দিনের মধ্যে শিশু নিবন্ধন ৮ টি। মৃত্যু নিবন্ধন হয়েছে ৩৯টি তন্মধ্যে পুরুষ ২৮ জন ও নারী ১১ জন। জন্ম নিবন্ধনে User ID থেকে ১৫,১৫০/-টাকা এবং বিবিধ রশিদের মাধ্যমে ৪২,৭৫০/-টাকা আয় হয়েছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন এবং এতদুদ্দেশ্যে গঠিত কমিটির মাধ্যমে আদায় কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা দেন। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য আরো দায়িত্বশীল হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। | সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার |
| ০৮ | <u>ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা ও পরিবেশ সম্পর্কিত আলোচনা:-</u><br>সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন স্যানিটেশন কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) মার্চ-২০২৬ ইং মাসে গরু জবেহ করা হয় ১৯২ টি, ছাগল ৮০১ টি। এছাড়াও তিনি বলেন পৌর এলাকায় চুয়াডাঙ্গা ব্লাড ব্যাংক এন্ড ট্রান্সফিউশন সেন্টার এর স্বত্বাধিকারী জনাব মো ঃ মাহমুদুর রহমান পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামার বিষয়ে আলোচনা হয়। সভায় উপস্থিত সিভিল সার্জন, চুয়াডাঙ্গা পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামা প্রদানের সুপারিশ করেন। | পৌর এলাকায় চুয়াডাঙ্গা ব্লাড ব্যাংক এন্ড ট্রান্সফিউশন সেন্টার এর স্বত্বাধিকারী জনাব মো ঃ মাহমুদুর রহমানকে পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামা প্রদানের বিষয়ে পরিবেশগত সুরক্ষা ও বর্জ্য ব্যবস্থাপনা, পাকিং ব্যবস্থা, অগ্নিনির্বাপক ব্যাবস্থা সংক্রান্ত প্রতিবেদন গ্রহন সাপেক্ষে অনাপত্তিনামা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৯ | <u>ক) টিকাদান কর্মসূচী সর্ম্পকে আলোচনা:-</u><br>ক) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন মার্চ/২০২৬ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরণ ঃ-বিসিজি-২১০ টি, পেন্টা-১ =২০৭টি, পেন্টা-২ = ২০৩টি, পেন্টা-৩= ১৮৯টি, পোলিও-১= ২০৭টি, পোলিও-২= ২০৩টি, পোলিও-৩= ১৮৯টি, পিসিভি-১= ২০৭টি, পিসিভি-২= ২০৩টি, পিসিভি-৩= ১৮৯টি, এম আর-১= ১৪৪টি, এম আর-২= ১১৫টি, আইপিভি-১= ২০৭টি, আইপিভি-২= ১৮৯ টি, টিডি-১= ৪৭টি, টিডি-২= ৭৮ টি, টিডি-৩= ৭৩টি, টিডি-৪= ৯০ টি, টিডি-৫= ৯৪ টি প্রদান করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার জন্য টিকাদান সুপাইভাইজার জনাব মোঃ আলী হোসেনকে নির্দেশনা দেন। | টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |
| | <u>খ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা:</u><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার শহরের পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়ে কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মো ঃ জুবায়ের রহমানের নিকট জানতে চান। প্রশাসক মহোদয়ের প্রশ্নের জবাবে কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মো ঃ জুবায়ের রহমান জানান শহরে পরিস্কার পরিচ্ছন্ন কাজ চলমান আছে। কোন অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক সমাধানের চেষ্টা করা হয়। এ ছাড়াও ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগের প্রার্দুভাব রোধ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি শনিবার সংশ্লিষ্ট সকল অংশীজনদের নিয়ে বিশেষ পরিস্কার পরিচ্ছন্ন কর্মসূচী চলমান আছে। সভায় উপস্থিত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা তার অফিস বাউন্ডারীর মধ্যে মশার উপদ্রব বেড়ে যাওয়ায় মশক নিধনের জন্য ফগার মেশিন দিয়ে স্প্রে করার অনুরোধ করেন। | শহরের ড্রেনসহ ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সভায় কঞ্জারভেন্সী পরিদর্শককে ধন্যবাদ জানান হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি শনিবার সংশ্লিষ্ট সকল অংশীজনদের নিয়ে বিশেষ পরিস্কার পরিচ্ছন্ন কর্মসূচী চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | কঞ্জারভেন্সী পরিদর্শক |
| ১০ | <u>পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:</u><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান দায়িত্ব প্রাপ্ত | (১) পানি শাখার আয় বৃদ্ধির জন্য কর্মরত সবাইকে বকেয়া বিল | উপ-সহকারী |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (পানি সরবরাহ শাখা) শাখা নিম্ন আকারে মার্চ/২৬ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১০ টা, পুনঃ সংযোগ ০৪টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০২ টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০৭টা (খেলাপি গ্রাহক), ২০২৫-২০২৬ অর্থ বছরে জুন/২৬ পর্যন্ত মোট দাবী = ২,৯৯,৫৯,৬০০/-টাকা। মার্চ'২০২৬ ইং পর্যন্ত মোট আদায় হয়েছে =২,০৩,৬৭,২১৫/-টাকা, বকেয়া দাবী=৪৮,২৮,২৫৭/-টাকা, মার্চ'২০২৬ মাসে বকেয়া সহ আদায় = ২২,৭৩,৯৫৭/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫,২০৭ টা, মোট পানির গ্রাহক সংখ্যা ৮,০১৯ (কর্তন ১২১৮) মোট= ৬,৮০১টি। মোট মটর গ্রাহক সংখ্যা ৯৫৪ টি। এ ছাড়াও উপ সহকারী প্রকৌশলী সভাকে জানান যে, সরকারী কয়েকটা অফিসে যেমন-নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও তত্বাবধায়ক, চুয়াডাঙ্গা সদর হাসপাতাল এবং উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদরের নিকট বেশ কিছু টাকা পানির বিল বাবদ বকেয়া আছে। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। রাজস্ব আদায়ের স্বার্থে অফিস সমুহকে বকেয়া বিলসহ চিঠি করার সিদ্ধান্ত গৃহীত হয়। পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পানির বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেন। তিনি আরো বলেন পানির গ্রাহকদের মধ্যে যারা দীর্ঘদিন পানির বিল পরিশোধ করছেন না তাদের তালিকা প্রস্তুত পূর্বক বকেয়া ফি আদায়ের পরামর্শ দেন এবং আগামী সভায় তালিকা অনুযায়ী কত আদায় হয়েছে তা সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন। | আদায়ের জন্য লাইন কর্তনের কাজ চলমান রাখা এবং আরো দায়িত্বশীল হওয়া জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>(২) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা ও তত্বাবধায়ক, চুয়াডাঙ্গা সদর হাসপাতাল এবং উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা-কে বকেয়া বিল পরিশোধ করার জন্য চিঠি প্রদানের সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশলী |
| ১১ | বিবিধ-(১) পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার সভাকে জানান বর্তমানে অত্র পৌরসভাতে প্রধান নির্বাহী কর্মকর্তা পদায়ন না থাকায় পৌরসভা কার্যবিধিমালা,২০১২ এর ৯ এর ১(খ) এবং ২ এর উপবিধি (১) অনুযায়ী প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে পৌর নির্বাহী কর্মকর্তা ও প্রশাসকের যৌথ স্বাক্ষরে পৌরসভার সকল তহবিল পরিচালনা ও প্রশাসনিক কার্যাবলী সম্পাদন করা। পৌরসভার দাপ্তরিক স্বার্থে পৌরসভা কার্যবিধিমালা, ২০১২ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভাকে সর্বসম্মতি অনুরোধ করেন।<br><br>বিবিধ-(২) বাংলা ১লা বৈশাখ ১৪৩৩ উদযাপন উপলক্ষ্যে শহরস জ্জিতকরন, আল্পনা আকাঁ ও ব্যানার ফেষ্টুন দ্বারা সজ্জিতকরণের জন্য বাবদ সরকারী ভ্যাট ও আয়কর সহ ৩৪,৫২১/-(চৌত্রিশ হাজার পাঁচশত একুশ) টাকা এবং মুড়ি-মুড়কি ও ঐতিহ্যবাহী খাবার অনুষ্ঠান স্থলে প্রদানের লক্ষে সরকারি কলেজকে ১৬,৫০০/-(ষোল হাজার পাঁচশত) টাকা অনুদান বিষয়ে সভায় আলোচনা পূর্বক অনুমোদন করা হয়।<br><br>বিবিধ-(৩) চুয়াডাঙ্গা পৌরসভার লাশবাহী গাড়ির ফি নির্ধারণ প্রসঙ্গে।<br>চুয়াডাঙ্গা পৌরসভার লাশবাহী গাড়ির ফি নির্ধারণ করার জন্য পৌরসভার টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন প্রশাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলেন, পৌরসভাতে যেহেতু লাশবাহী গাড়ি আছে সেহেতু লাশ বহনের জন্য পৌরসভা এলাকার ভিতরে বা বাহিরে নেওয়ার স্বার্থে ফি নির্ধারন করা জনস্বার্থে জরুরী। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তারসহ অন্যান্য সদস্যবৃন্দ পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে লাশ পরিবহনের জন্য ৫০০/- টাকা এবং পৌর এলাকার বাইরে ১০০০/-(এক হাজার) টাকা ফি নির্ধারণসহ বেওয়ারিশ লাশ পরিবহনের ক্ষেত্রে কোন পরিবহন খরচ প্রযোজ্য হবে না মর্মে আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহন করেন। | (১) পৌরসভাতে প্রধান নির্বাহী কর্মকর্তা পদায়ন না থাকায় পৌরসভা কার্যবিধিমালা,২০১২ এর ৯ এর ১(খ) এবং ২ এর উপবিধি (১) অনুযায়ী প্রধান নির্বাহী কর্মকর্তার অনুপস্থিতিতে পৌর নির্বাহী কর্মকর্তা ও প্রশাসকের যৌথ স্বাক্ষরে পৌরসভার সকল তহবিল পরিচালনা ও প্রশাসনিক কার্যাবলী সম্পাদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) বাংলা ১লা বৈশাখ ১৪৩৩ উদযাপন উপলক্ষ্যে শহর সজ্জিতকরন,আল্পনা আকাঁ ও ব্যানার ফেষ্টুন দ্বারা সজ্জিতকরণের জন্য বাবদ ৩৪,৫২১/-(চৌত্রিশ হাজার পাঁচশত একুশ) টাকা ব্যয় এবং মুড়ি-মুড়কি ও ঐতিহ্যবাহী খাবার অনুষ্ঠান স্থলে প্রদানের লক্ষে সরকারি কলেজকে ১৬,৫০০/-(ষোল হাজার পাঁচশত) টাকা অনুদান প্রদান সর্বস্মতি সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে লাশ পরিবহনের জন্য ৫০০/-(পাঁচশত) টাকা এবং পৌর এলাকার বাইরে ১০০০/-(এক হাজার) টাকা ফি নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তবে বেওয়ারিশ লাশ পরিবহনের ক্ষেত্রে কোন পরিবহন খরচ প্রযোজ্য হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বিবিধ-(৪) চুয়াডাঙ্গা আন্তজেলা বাস টার্মিনাল ইজারাদার টোল আদায়ের স্বার্থে ০১ টি টোলঘর নির্মাণ করে দেয়ার জন্য আবেদন করেন। আবেদনের আলোকে অত্র পৌরসভার উপ সহকারী প্রকৌশলী প্রাক্কলন প্রস্তুত করেছে। যার প্রাক্কলন ব্যয় (সরকারী ভ্যাট ও আয়করসহ) আসিয়াছে ২২,০৮০/-(বাইশ হাজার আশি) টাকা। হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা,২০২৫ মোতাবেক প্রাক্কলিত ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় সর্বসম্মতিক্রমে প্রাক্কলন ব্যয় অনুমোদন করেন। | (৪) চুয়াডাঙ্গা আন্তজেলা বাস টার্মিনালে ০১ টি টোলঘর নির্মাণ করার জন্য প্রাক্কলিত ব্যয় (সরকারী ভ্যাট ও আয়করসহ) ২২,০৮০/-(বাইশ হাজার আশি) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৬/৩৪৪(১৫) তারিখ: ২৯-০৪-২৬ খ্রি.

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
০৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা।
৬-১৩। জনাব.............................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।
১৪। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা।
১৫। অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা।

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা